

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শেরপুর, বগুড়া।
(sherpur.bogra.gov.bd)

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর
৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ ময়নুল ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
শেরপুর, বগুড়া।
মাধ্যম : জুম ভিডিও কনফারেন্স।
তারিখ : ৩০ জুলাই ২০২১ খ্রিঃ।
সময় : সকাল ১০.৪০ ঘটিকা।

জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত সভার শুরুতে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর প্রতি গভীর শ্রদ্ধাজ্ঞাপন ও তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং বলেন চলমান বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে প্রথমবারের মত শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর ২৮ জুলাই ২০২১ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। তিনি সংশ্লিষ্ট সকলকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় স্বাস্থ্যবিধি মেনে পালনের জন্য উপস্থিত সকলের মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

বিস্তারিত আলোচনান্তে জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া এর কার্যবিবরণীর অনুসরণে আগামী ০৫ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে নিম্নরূপ কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয় :

ক্রমিক	কর্মসূচি	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন
০১	আলোচনা সভা	ভার্চুয়াল প্ল্যাটফর্ম ব্যবহার করে সকাল ১০.৩০ টায় আলোচনা সভা ও স্মৃতিচারণমূলক অনুষ্ঠান।	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ
০২	কোরআন তেলাওয়াত/ দোয়া মাহফিল	সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর রুহের মাগফেরাত কামনা করে সকল মসজিদে বাদ যোহর কোরআন তেলাওয়াত ও দোয়া মাহফিল এবং অন্যান্য সকল উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন।	১। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শেরপুর, বগুড়া ২। ফিল্ড সুপার ভাইজার, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ৩। সভাপতি, উপজেলা ইমাম সমিতি, শেরপুর, বগুড়া ৪। সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান ঐক্য পরিষদ, শেরপুর, বগুড়া ৫। ইমাম, সকল মসজিদ ৬। অন্যান্য উপাসনালয়ের পুরোহিতগণ
০৩	চারাগাছ বিতরণ	বিকাল ৩.০০ টায় যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক চারাগাছ বিতরণ বৃক্ষ রোপন কর্মসূচি গ্রহণ।	১। উপজেলা যুব উন্নয়ন অফিসার শেরপুর, বগুড়া ২। উপজেলা বন কর্মকর্তা, শেরপুর, বগুড়া
০৪	দৃষ্টিনন্দন ব্যানার প্রদর্শন	শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদযাপন বিষয়ক একটি দৃষ্টিনন্দন ব্যানার সংশ্লিষ্ট সকল দপ্তর/প্রতিষ্ঠানের সামনে/গেটে/গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শন।	সংশ্লিষ্ট সকল দপ্তর/প্রতিষ্ঠান প্রধানগণ

পাতা-২

সভায় আর কোন আলোচনা না থাকায় জুম ভিডিও কনফারেন্স এ সংযুক্ত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ

(মোঃ ময়নুল ইসলাম)

উপজেলা নির্বাহী অফিসার

শেরপুর, বগুড়া।

ফোন : ০৫০২৯-৭৭১০১

তারিখ : ০৮ শ্রাবণ ১৪২৮ বঃ
৩০ জুলাই ২০২১ খ্রিঃ

স্মারক নং- ০৫.৫০.১০৮৮.০০০.১৬.০২৩.২০২১-৬৪৭ (১০০)

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৪০ বগুড়া-০৫।
- ০২। জেলা প্রশাসক, বগুড়া।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া।
- ০৪। মেয়র, শেরপুর পৌরসভা, শেরপুর, বগুড়া।
- ০৫। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শেরপুর, বগুড়া।
- ০৬। উপজেলা..... অফিসার/অফিসার ইনচার্জ, শেরপুর থানা, শেরপুর, বগুড়া।
- ০৭। সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, শেরপুর উপজেলা কমান্ড, শেরপুর, বগুড়া।
- ০৮। চেয়ারম্যান,..... ইউপি (সকল), শেরপুর, বগুড়া।
- ০৯। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার..... (সকল) কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, শেরপুর, বগুড়া।
- ১০। সভাপতি/সাধারণ সম্পাদক.....।
- ১১। জনাব.....।

উপজেলা নির্বাহী অফিসার

শেরপুর, বগুড়া।